

## কেউ মানছে না ভার্টিসি কলেজ নাম ব্যবহার না করার নির্দেশ

বিভাগ বাঁড়ে। সরকারী প্রজ্ঞাপনের পর প্রধানমন্ত্রীর নির্দেশ। কোন কিছুতেই কাজ হচ্ছে না। 'বিশ্ববিদ্যালয় কলেজ' নাম ব্যবহার বন্ধ করছে না শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারী-বেসরকারী, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের কলেজগুলো। 'বিশ্ববিদ্যালয় কলেজ' নাম ব্যবহার করে প্রতারণার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করতে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় ও বিজ্ঞাপন দিচ্ছে তারা। শিক্ষার্থীরা প্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয় ভেবে ভর্তি হলেও পাস করার পর যথারীতি কলেজ হিসেবেই পাচ্ছে সনদ। তারপরও শিক্ষার্থীদের আকৃষ্ট করতে সরকারী আদেশ অমান্য করেই প্রতিষ্ঠানগুলো সাইনবোর্ডসহ নিজস্ব কাগজপত্রে ব্যবহার করছে 'বিশ্ববিদ্যালয় কলেজ' শব্দ। এদিকে পরিস্থিতি সামাল দিতে এবার আইন প্রয়োগের ইশিয়ারি দিয়ে কলেজের সঙ্গে বিশ্ববিদ্যালয় শব্দটি ব্যবহার না করার নির্দেশ

### বিধিবহির্ভূত এ কাজ বন্ধে আইন প্রয়োগের ইশিয়ারি

জারি করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। জানা গেছে, ইতোমধ্যে শিক্ষান্ত নিয়ে নিজস্ব ওয়েবসাইটে এ সংক্রান্ত আদেশ প্রকাশ করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কলেজের নামের সঙ্গে বিশ্ববিদ্যালয় শব্দ জুড়ে দেয়াকে বিধিবহির্ভূত উল্লেখ করে জাতীয় বিশ্ববিদ্যালয় বলেছে, কোন অবস্থাতেই কলেজের নামের সঙ্গে বিশ্ববিদ্যালয় শব্দটি ব্যবহার করা যাবে না। বিশ্ববিদ্যালয় থেকে প্রথম যে নামে অধিভুক্তি লাভ করেছে অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত পরিবর্তিত নাম অনুযায়ী কলেজের কার্যক্রম পরিচালনা করতে হবে। এর বাইরে নতুন নামকরণ, সংশোধন ও বিয়োজন করা হলে অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেজলেশন-২০১৫ এর ২৫ ধারা অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। কলেজের নামের সঙ্গে বিশ্ববিদ্যালয় যুক্ত করার (৪ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## কেউ মানছে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রজ্ঞাপনে গেল বছর জাতীয় সংসদে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট সকলকে সতর্ক করেছিলেন। তিনি বলেছিলেন, বিশ্ববিদ্যালয় কলেজ নামকরণ বিভ্রান্তিকর। কোন সরকারী-বেসরকারী কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজ হিসেবে নামকরণ করা হয়নি। অধিবেশন চলাকালে এক সাংসদ প্রধানমন্ত্রীর কাছে জানতে চেয়েছিলেন, তার নির্বাচনী এলাকার সরকারী কলেজে ১৩টি বিষয়ে সরকার অনার্স কোর্স চালু করেছে। এ ধরনের কলেজগুলোকে 'বিশ্ববিদ্যালয় কলেজ' ঘোষণার পরিবর্তন। সরকারের রয়েছে কি না? 'জবাবে' প্রধানমন্ত্রী বলেছিলেন, দেশের কোন সরকারী কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজ হিসেবে নামকরণ করা হয়নি। বিশ্ববিদ্যালয় কলেজ নামে কোন কলেজের নামকরণের বিষয়টি বিভ্রান্তিকর। বিশ্ববিদ্যালয় কলেজ নামে কোন কলেজের নাম ব্যবহার না করার জন্য ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় নির্দেশনা দিয়েছে। দেশের যেসব কলেজে অনার্স কোর্স চালু রয়েছে সে কলেজগুলোকে বিশ্ববিদ্যালয় কলেজ হিসেবে ঘোষণা দেয়ার সরকারের কোন পরিকল্পনা নেই। এরপর শিক্ষা মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনে জানিয়ে দেয়, 'বিশ্ববিদ্যালয়' ও 'কলেজ' নামের বাইরে 'বিশ্ববিদ্যালয় কলেজ' নামে সংজ্ঞায়িত কোন কলেজ আফ্রিক আর্থে নেই। কিন্তু প্রায়ই লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন কলেজ, কলেজের সাইনবোর্ড, নামফলক এমনকি বিভিন্ন যোগাযোগ (চিঠিপত্রসহ) এ অনেক ক্ষেত্রে 'বিশ্ববিদ্যালয় কলেজ' নাম ব্যবহার করছে, যা কোনভাবেই যথার্থ নহে। এমতাবস্থায় সংজ্ঞায়িতভাবে না থাকায় 'কলেজ' এর স্থলে 'বিশ্ববিদ্যালয় কলেজ' নামটি ব্যবহার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রজ্ঞাপনটি জারির পরই মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) সংশ্লিষ্ট সকলকে বিষয়টি জানিয়ে দিলেও কোন কাজেই আসছে না সরকারের এ নির্দেশনা। খোঁজ নিয়ে দেখা গেছে, অনার্স মান্দিয়ার্স আছে এমন কলেজ বিশেষত রাজধানীর কলেজগুলো আদেশ লঙ্ঘনে এগিয়ে আছে সবচেয়ে বেশি। বেসরকারী কলেজগুলো নামের সঙ্গে বিশ্ববিদ্যালয় ব্যবহার করে শিক্ষার্থীদের আকৃষ্ট করার মাধ্যমে শিক্ষা বাণিজ্য চালিয়ে যাচ্ছে নির্ধিমে। রাজধানী পল্লবীতে আছে 'শহীদ জিয়া মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ'। জাতীয় দৈনিকে ভর্তি